



# রাংগুনিয়া কলেজ, চট্টগ্রাম

অধ্যক্ষের কার্যালয়

Website: www.ranguniacollege.edu.bd/ Email: info@ranguniacollege.edu.bd

স্মারক নং- ২০১৬/১৩৯

তারিখ : ১৪/১১/২০১৬ইং

## ২০১৬ সালের ডিগ্রী (পাস) কোর্স ১ম বর্ষ পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দেশনা অনুযায়ী ২০১৫-১৬ শিক্ষা বর্ষের ডিগ্রী (পাস) কোর্স ১ম বর্ষের ফরম পূরণ অনলাইনে সম্পন্ন করে নিম্ন লিখিত তারিখ সমূহে অফিসে জমা দিতে হবে।

১। বিএ/বিএসএস নিয়মিত/অনিয়মিত শিক্ষার্থী ১৬, ১৭ ও ২০ নভেম্বর ২০১৬

২। বিএসসি নিয়মিত/অনিয়মিত শিক্ষার্থী ২১ নভেম্বর ২০১৬

৩। বিবিএস নিয়মিত/অনিয়মিত শিক্ষার্থী ২২ ও ২৩ নভেম্বর ২০১৬

### ● অনলাইনে আবেদন ফরম পূরণ (শিক্ষার্থীদের জন্য)

- পরীক্ষার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nubd.info/degree-pass)-এ গিয়ে Apply to online form Fillup (For Student) লিংকে ক্লিক করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয় কোড এবং ফি উল্লেখ থাকবে।
- প্রত্যেক শিক্ষার্থীদের সম্প্রতি তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা গাম দ্বারা আটকিয়ে দিতে হবে।
- ফিসহ প্রিন্টকৃত আবেদন ফরমে দুইটি অংশ থাকবে। উভয় অংশে অধ্যক্ষ স্বাক্ষর করার পর উপরের অংশ পরীক্ষার্থী সংরক্ষণ করবে এবং নিচের অংশটি আবেদনকারীকে নিজ দায়িত্বে স্বাক্ষর করে কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে অবশ্যই জমা দিতে হবে।
- বাংলাদেশ কৃষি ব্যাংক, রাংগুনিয়া কলেজ শাখায় কলেজের সকল বকেয়া ও পরীক্ষার ফি জমাদানের রসিদের পিছনে কলেজ লাইব্রেরীর অনাপত্তি গ্রহণের পর আবেদন ফরম জমা দেয়ার সময় তা প্রদর্শন করতে হবে।

### ✎ পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী :

#### ক) ডিগ্রী পাস কোর্স ১ম বর্ষ পরীক্ষা নিয়মিত (৭০০ নম্বর)

- i) ২০১৫-১৬ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী ও ২০১৬ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।
- ii) উপরোক্ত শিক্ষার্থীদেরকে ১ম বর্ষে “স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস” আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ১ম ও ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- iii) ১ম বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ করা বাধ্যনীয়।

#### খ) ডিগ্রী পাস কোর্স ১ম বর্ষ পরীক্ষা অনিয়মিত :

- i) ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৪ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৪ সালের ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করেনি অথবা অংশগ্রহণ করে অকৃতকার্য (Not Promoted) তারা এ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।
- ii) ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৪ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৪ সালের ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে উত্তীর্ণ (Promoted- C) হয়েছে সেসকল শিক্ষার্থীগণ F গ্রেড প্রাপ্ত বিষয়ে এ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।
- iii) ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৪ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৫ সালের ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা এ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।
- iv) ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৫ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৫ সালের ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা এ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।
- v) উপরোক্ত শিক্ষার্থীদেরকে ১ম বর্ষে “স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস” আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ১ম ও ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- vi) ১ম বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ করা বাধ্যনীয়।

#### গ) ডিগ্রী পাস কোর্স ১ম বর্ষ পরীক্ষা মানোন্নয়ন পরীক্ষার্থী :

- i) ২০১৩-২০১৪, ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৪, ২০১৫ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী ২০১৫ সালের ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেছে তাদের মধ্যে যারা Not Promoted হবে বা কোন পত্রে C গ্রেড, D গ্রেড, F গ্রেড পাবে তাদের আবেদন ফরম পূরণের জন্য ২০১৫ সালের ১ম বর্ষ পরীক্ষার ফলাফল প্রকাশের পর পৃথকভাবে বিজ্ঞপ্তি দেয়া হবে। উল্লেখ্য ২০১৩-২০১৪, ২০১৪-২০১৫ (অকৃতকার্য ও মানোন্নয়ন) এবং ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের সকল শিক্ষার্থীর পরীক্ষা একই সাথে অনুষ্ঠিত হবে।

### অনুলিপি :

- ১। আহ্বায়ক, ডিগ্রী পাস পরীক্ষা কমিটি-২০১৬
- ২। অফিস প্রধান, কলেজের ওয়েবসাইটে প্রচারের জন্য।
- ৩। অফিস নথি।

(মোহাম্মদ আবু ইউসুফ)

অধ্যক্ষ

রাংগুনিয়া কলেজ, চট্টগ্রাম।

